# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যা: ০৮

জানুয়ারি - মার্চ, ২০১৯




## এনআইএলজি'র ৫১তম বিওজি (BOG) কার্যক্রম

গত ২৪  মার্চ, ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়েছে এনআইএলজি'র পরিচালনা বোর্ডের (Board of Governors) ৫১তম সভা। উক্ত সভায় সভাপতিত্ব করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী  জনাব  মোঃ তাজুল ইসলাম, এমপি।

## পৌরসভা প্রশাসন অবহিতকরণ কোর্স

পৌরসভাকে একটি শক্তিশালী  স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে এবং সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে এনআইএলজি পৌরসভার কাউন্সিলরগণের জন্য 'পৌরসভা প্রশাসন অবহিতকরণ' প্রশিক্ষণ কোর্স ধারাবাহিকভাবে আয়োজন করছে। এ কোর্সগুলোতে স্থানীয় সরকার  (পৌরসভা) আইন, ২০০৯, পৌরসভার দায়িত্ব ও কার্যাবলী, কাউন্সিলরগণের দায়িত্ব, কার্যাবলী ও সুবিধাদি, পৌরসভার কার্যবিধিমালা, স্থায়ী কমিটির দায়িত্ব ও কার্যাবলী, সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, আদর্শ কর তফসিল, বিরোধ মীমাংসা (পৌর এলাকা) বোর্ড আইন, এসডিজি, সেবা প্রদানে উদ্ভাবনী উদ্যোগ, পানি সরবরাহ, স্যানিটেশন, বর্জ্য ব্যবস্থাপনা, জন্ম-মৃত্যু নিবন্ধন, সামাজিক নিরাপত্তা, ওয়ার্ড কমিটি, টিএলসিসি ইত্যাদি বিষয়ে ১৫টি অধিবেশন পরিচালনা করা হচ্ছে। গত জানুয়ারি - মার্চ, ২০১৯ পর্যন্ত মেয়াদে মোট ১৪টি কোর্স বাস্তবায়িত হয়েছে। এতে ৪৩৯ জন কাউন্সিলর অংশগ্রহণ করেন। প্রতিটি কোর্সের মেয়াদ ছিল তিন দিন।



## জেলা পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স

এনআইএলজি গত ০৫-২৬ ফেব্রুয়ারি, ২০১৯ মেয়াদে জেলা পরিষদের নির্বাচিত সদসগণের জন্য এক দিনব্যাপী "জেলা পরিষদ প্রশাসন অবহিতকরণ" শীর্ষক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে। দেশের ৬১টি জেলার অবশিষ্ট ৩১৫ জন নির্বাচিত জেলা পরিষদ সদস্য ৭টি ব্যাচে এ প্রশিক্ষণে অংশগ্রহণ করে।



## জেলা পর্যায়ে উপজেলা রিসোর্স টিমের সদস্যগণের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ' কোর্স

এনআইএলজি জেলা পর্যায়ে এনআইএলজি'র প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য গঠিত উপজেলা রিসোর্স টিমের (URT) সদস্যগণের জন্য 'প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স' (TOT) বাস্তবায়ন করেছে। এ প্রশিক্ষণ কোর্স জামালপুর, লালমনিরহাট, জয়পুরহাট, চট্টগ্রাম, বগুড়া, গাজীপুর, ঠাকুরগাঁও, রংপুর, হবিগঞ্জ, রাঙ্গামাটি, রাজবাড়ী, কক্সবাজার, লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, চাঁদপুর, ঝিনাইদহ, মাগুরা, পিরোজপুর, নড়াইল, নোয়াখালী, ব্রাক্ষণবাড়ীয়া, নাটোর ও চাঁপাইনবাবগঞ্জ এ ২৪টি জেলায় অনুষ্ঠিত হয়। দুই দিন ব্যাপী এ প্রশিক্ষণে মোট ১৪৪ জন ইউআরটি সদস্য অংশগ্রহণ করেন। উল্লিখিত প্রশিক্ষণ কোর্সসমূহে এনআইএলজি'র অনুষদবর্গ প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন। জেলা প্রশাসন কোর্সটি বাস্তবায়নে সর্বাত্মক সহযোগিতা প্রদান করে।

## এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারীদের জন্য অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ কোর্স

এনআইএলজি'র কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে "অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি" শীর্ষ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এ কোর্সসমূহ রাজস্ব খাতের আওতাভুক্ত। এ প্রশিক্ষণ কোর্সের আওতায় জানুয়ারি -মার্চ ২০১৯ পর্যন্ত ৩টি ব্যাচে সকল কর্মকর্তা ও কর্মচারীকে এ প্রশিক্ষণ প্রদান করা হয়।



## পারস্পরিক শিখন শিক্ষা সফর

পারস্পরিক শিখন শিক্ষা সফর (ব্যাচ-১) এ ইউনিয়ন পরিষদের সচিবগণ অংশগ্রহণ করেন। এই কোর্সটি ১২-১৪ জানুয়ারি, ২০১৯ অনুষ্ঠিত হয় এবং এতে ২০ জন অংশ নিয়েছেন। পরবর্তীকালে ২৬-২৮ ফেব্রুয়ারি, ২০১৯ মেয়াদে রাজশাহী বিভাগের ২৪ জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান সমন্বয়ে তিন দিনব্যাপী একটি পারস্পারিক শিখন শিক্ষা সফর অনুষ্ঠিত হয়। শিক্ষা সফরের জন্য মোহনপুর ইউনিয়ন পরিষদ, গোদাগাড়ী ও হরিপুর ইউনিয়ন পরিষদ, পবা, রাজশাহীকে নির্বাচন করা হয়। উক্ত শিক্ষা সফরে সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা, কর নিরূপণ, আদায় হার, কর আদায় কৌশল, সম্পদ আহরণে জনঅংশগ্রহণ, অফিস ব্যবস্থাপনা, পরিকল্পনা ও বাজেট প্রণয়ন, বাস্তবায়ন, চ্যালেঞ্জসমূহ ও মোকাবেলায় করণীয়, ইউনিয়ন পরিষদ কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন স্কীম পরিদর্শন, হতদরিদ্র জনযোষ্ঠীর জন্য পাইপলাইনের মধ্যেম বিশুদ্ধ পানিসরবরাহ সম্পর্কে মোহনপুর ও হরিপুর ইউনিয়ন পরিষদের গৃহীত কার্যক্রম হাতে কলমে শেখেন ও প্রত্যেক্ষ করেন।

## ''স্থানীয় জনগণের অংশগ্রহণ ও সামাজিক আচরণ পরিবর্তনের মাধ্যমে শিশুদের জন্য স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ'' বিষয়ক অবহিতকরণ কর্মশালা

ইউনিসেফ বাংলাদেশ এর কমিউনিকেশন্স ফর ডেভলপমেন্ট (C4D) সেকশন এর আর্থিক সহাযোগিতায় এনআইএলজি ও উপজেলা প্রশাসন যৌথভাবে ''স্থানীয় জনগণের অংশগ্রহণ ও সামাজিক আচরণ পরিবর্তনের মাধ্যমে শিশুদের জন্য স্থানীয় সরকার ব্যবস্থা শক্তিশালীকরণ'' বিষয়ক অবহিতকরণ কর্মশালা বাস্তবায়ন করে। উপজেলা পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধি, সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তা, এনজিও প্রতিনিধিগণের সমন্বয়ে এ অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত হয়। জানুয়ারি - ফেব্রুয়ারি, ২০১৯ পর্যন্ত বাস্তবায়িত ৭টি কোর্সে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২০৪ জন। উক্ত কর্মশালায় শিশু অধিকার, যোগাযোগ, উন্নয়নের জন্য যোগাযোগ, শিশু কেন্দ্রিক দুর্যোগ ঝুঁকি মূল্যায়ন ও ঝুঁকি হ্রাস কৌশল, আচরণ পরিবর্তন পর্যায়সমূহ, শিশুর ১৫টি অগ্রাধিকার জীবনরক্ষাকারী আচরণ ও চর্চাসমূহ, স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ ও সামাজিক অন্তর্ভুক্তি এবং ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে শিশুবান্ধব ক্ষুদ্র পরিকল্পনা প্রণয়ন (অনুশীলনসহ) সম্পর্কে আলোচনা করা হয়।

## ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

হেলভেটাস সুইস ইন্টারকো-অপারেশনের অর্থায়নে এনআইএলজি বিআরডিবির কর্মকর্তাদের জন্য ১১-১৪ মার্চ, ২০১৯ পর্যন্ত ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করে। চার দিনব্যাপী এ প্রশিক্ষণে মোট ১৭ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন।

## ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ কোর্স (মাঠ পর্যায়ে)

জানুয়ারি-মার্চ ২০১৯ মেয়াদে উপজেলা পর্যায়ে উপজেলা প্রশাসনের সহায়তায় ইউনিয়ন পরিষদের সদস্যগণের জন্য ''ইউনিয়ন পরিষদ প্রশাসন অবহিতকরণ'' প্রশিক্ষণ কোর্স পরিচালিত হয়েছে। এ প্রশিক্ষণে ৬৯টি কোর্সে মোট ৩,০১৬ জন ইউনিয়ন পরিষদ সদস্যকে প্রশিক্ষণ প্রদান করা হয়। তিন দিনব্যাপী উক্ত প্রশিক্ষণে মোট ১৫টি বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। উল্লেখ্যযোগ্য বিষয়গুলো হলোঃ স্থানীয় সরকারের ক্রম বিকাশ, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, পরিষদের কার্যাবলী, সম্পদ-সম্পত্তি, অর্থের উৎস, বাজেট, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য ও নিয়োজিত কর্মচারীগণের দায়িত্ব কর্তব্য, পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, সরকারি ক্রয় পদ্ধতি, হিসাব রক্ষণ ও নিরীক্ষা, গ্রাম আদালত, এসডিজি, দুর্যোগ ব্যবস্থাপনা, শুদ্ধাচার ও মাঠ পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ।

## স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সুশাসন সুসংহতকরণ

Platforms for Dialogue (P4D) এর অর্থায়নে DDLG, UNO, Assistant Commissioner গণের সমন্বয়ে গত ৫-৭ মার্চ, ২০১৯, মেয়াদে "প্রশিক্ষক প্রশিক্ষণ" কোর্স অনুষ্ঠিত হয়। তিন দিনব্যাপী এ প্রশিক্ষণে মোট ৪৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। এনআইএলজি আগামী সেপ্টেম্বর হতে অক্টোবর, ২০১৯ মেয়াদে মাঠ পর্যায়ে ফলোআপ ভিজিট করবে। উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির আসন অলংকৃত করেন মন্ত্রিপরিষদ বিভাগের সচিব (সমন্বয় ও সংস্কার) ড. মোঃ শামসুল আরেফিন।



## NSPGI Dissemination Workshop




১৯ মার্চ, ২০১৯ তারিখে National Strategy for Paurashava Governance Improvement (NSPGI) এর অর্থায়নে ১৫টি পৌরসভার মেয়র, সচিব, বিভিন্ন পর্যায়ের সরকারি কর্মকর্তা, উন্নয়ন সহযোগি সংস্থার কর্মকর্তাগণের সমন্বয়ে এনআইএলজিতে দিনব্যাপী "NSPGI Dissemination" শীর্ষক Workshop অনুষ্ঠিত হয়। এ কর্মশালায় মোট ৪৬ জন অংশগ্রহণ করেন।

## Training on "City Corporation Public Finance Management



Capacity Development for City Corporation (C4C) প্রকল্পের অর্থায়নে এনআইএলজি ১৮-২১ মার্চ, ২০১৯ মেয়াদে Training on "City Corporation Public Finance Management কোর্সের আয়োজন করে। চার দিনব্যাপী এ প্রশিক্ষণ কোর্সে ৩০ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। এ প্রশিক্ষণে নারায়ণগঞ্জ, রংপুর, গাজীপুর, কুমিল্লা, সিটিকর্পোরেশনের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, কর নির্ধারণ ও আদায়কারী কর্মকর্তা এবং কম্পিউটার অপারেটরগণ অংশগ্রহণ করেন।

## অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার ফান্ডামেন্টাল্‌স, জেন্ডার সমতা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা বিষয়ক প্রশিক্ষণ



এনআইএলজির নিজস্ব প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন মন্ত্রানালয়/দপ্তর/অধিদপ্তর/সংস্থা/ প্রতিষ্ঠানের অনুরোধে বিভিন্ন কোর্স বাস্তবায়ন করে থাকে। এরই ধারাবাহিকতায় জাতীয় মহিলা সংস্থার অনুরোধে ফেব্রুয়ারি-এপ্রিল ২০১৯ মেয়াদে উপজেলা তথ্য সেবা কর্মকর্তাগণের জন্য "অফিস ব্যবস্থাপনা, কম্পিউটার ফান্ডামেন্টাল্‌স, জেন্ডার সমতা ও প্রাথমিক স্বাস্থ্য সেবা" বিষয়ক প্রশিক্ষণ কোর্স বাস্তবায়ন করে। উক্ত প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানগুলোতে প্রধান অতিথি, বিশেষ অতিথি হিসেবে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব পদ মর্যাদার কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। আলোচক হিসেবে এনআইএলজি'র অনুষদ সদস্যগণের পাশাপাশি সংশ্লিষ্ট সেশনগুলোতে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও অধিদপ্তরের সচিব, অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণ অংশগ্রহণ করেন। প্রশিক্ষণগুলোতে নির্ধারিত ৭৫টি বিষয়ভিত্তিক সেশন ছাড়াও প্রশিক্ষণপূর্ব মূল্যায়ন ও প্রশিক্ষণ পরবর্তী মূল্যায়নের ব্যবস্থা রাখা হয়। মূল্যায়নের ভিত্তিতে অংশগ্রহণকারীগণকে পুরস্কৃত করা হয়। এছাড়া উপজেলা মহিলা বিষয় কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয় ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কার্যাবলী ও কর্মসূচীসমূহ সম্পর্কে বাস্তব অভিজ্ঞতা



লাভের জন্য মাঠ পরিদর্শনের ব্যবস্থা রাখা হয়। প্রশিক্ষণের অংশ হিসাবে মেস নাইটের ব্যবস্থা রাখা হয়। প্রশিক্ষাণার্থী অংশগ্রহণকারীগণ উক্ত অনুষ্ঠানে কৌতুক, গান, নাচ এর পাশাপাশি ছোট নাটিকার মাধ্যমে তথ্য সেবা কর্মকর্তা ও তথ্য সেবা সহকারীগণের কার্যাবলী ও সমাজ সচেতনতামূলক উপস্থাপনা পরিবেশন করে সকলের প্রশংসা অর্জন করেন।



## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের অষ্টম সংখ্যা পাঠকদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের প্রয়াসের উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


### উপদেষ্টামন্ডলী

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক
জনাব মোঃ গোলাম ইয়াহিয়া, পরিচালক (প্রশিক্ষণ ও পরামর্শ)
জনাব মোঃ বোরহান উদ্দিন ভূঞা, পরিচালক (প্রশাসন ও সমন্বয়)

### সম্পাদকমন্ডলী

জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য
জনাব নুরুল ইসলাম, গবেষণা কর্মকর্তা -সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট